গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

ঢাকা, রোববার ৫ এপ্রিল ২০১৫, ২২ চৈত্র ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জঙ্গিবাদ ও সন্ত্রাসের বিরুদ্ধে চলচ্চিত্র নির্মাণের আহ্বান প্রধানমন্ত্রীর

২। আজ আদালতে যাচ্ছেন বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া
: জিয়া অরফানেজ ও জিয়া চ্যারিটেবল ট্রাস্ট মামলা

৩। হাসপাতালে বিশেষজ্ঞদের সান্ধ্য রাউন্ড বাধ্যতামূলক
-উপস্থিত না থাকলে ব্যবস্থা : স্বাস্থ্যমন্ত্রী

৪। কালবৈশাখী ঝড়ে ১৪ জনের মৃত্যু : বাড়িঘর বিধ্বস্ত, ফসলের ব্যাপক ক্ষতি

৫। দগ্ধ রোগীদের বিনামূল্যে চিকিৎসা দেবেন তিন দেশের বিশেষজ্ঞরা
-ঢাকা মেডিক্যালের বার্ন ইউনিট বিশ্বের সর্ববৃহৎ : জার্মান প্লাস্টিক সার্জন

৬। তিন মাস পর বিএনপি'র কার্যালয়ে নেতা-কর্মীরা

৭। আব্দুল আউয়াল মিন্টু ও নাসির উদ্দিন আহমেদ পিন্টুর মনোনয়নপত্র বাতিলের সিদ্ধান্ত বহাল

৮। ধানমন্ডিতে সাত কোটি টাকা মূল্যের একটি গাড়ি জব্দ

৯। রানা প্লাজার আহতদের ৫৫ শতাংশ বেকার : অ্যাকশন এইডের জরিপ

১০। পবিত্র ইস্টার সানডে আজ

চলমান পাতা/২

১। জঙ্গিবাদ ও সন্ত্রাসের বিরুদ্ধে চলচ্চিত্র নির্মাণের আহ্বান প্রধানমন্ত্রীর

জঙ্গিবাদ ও সন্ত্রাসের বিরুদ্ধে সচেতনতামূলক চলচ্চিত্র নির্মাণের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ৪ এপ্রিল শনিবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ২০১৩ সালের জাতীয় চলচ্চিত্র পুরস্কার জয়ীদের সম্মাননা প্রদান অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। এ সময় প্রধানমন্ত্রী বলেন, শিগগিরই ৩০০ হলকে ডিজিটাল করা হবে। সূত্র-যুগান্তর (পৃ.৩,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.৪), ইনকিলাব (পৃ.১,ক.৬), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৭), ডেইলি অবজারভার (পৃ.১,ক.৩), নিউ এজ (শেষ পৃ.,ক.২)। নিউজ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। আজ আদালতে যাচ্ছেন বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া

: জিয়া অরফানেজ ও জিয়া চ্যারিটেবল ট্রাস্ট মামলা

গুলশানের নিজ কার্যালয়ে ৯২ দিন অবস্থানের পর আজ ৫ এপ্রিল রোববার নিজ বাসায় ফিরবেন বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া। এর আগে সকালে জিয়া অরফানেজ ও জিয়া ট্যারিটেবল ট্রাস্ট দুর্নীতি মামলায় আদালতে যাবেন তিনি। গ্রেফতারি পরোয়ানা জারির ৪০তম দিনে রাজধানী ঢাকার বকশিবাজারের আলিয়া মাদ্রাসা মাঠে স্থাপিত বিশেষ জজ আদালত-৩ এ আত্মসমর্পণ করে জামিন প্রার্থনা করবেন তিনি। আদালত থেকে জামিন পেলে গুলশান ২-এর এক নম্বরে অবস্থিত নিজ বাসভবনে তাঁর ফিরে যাওয়ার কথা রয়েছে। সূত্র-যুগান্তর (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.১,ক.৫), জনকণ্ঠ (পৃ.১,ক.৪), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.১)। ইত্তেফাক, ভোরের কাগজ, ডেইলি স্টার, ডেইলি সান এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। হাসপাতালে বিশেষজ্ঞদের সান্ধ্য রাউন্ড বাধ্যতামূলক

-উপস্থিত না থাকলে ব্যবস্থা : স্বাস্থ্যমন্ত্রী

দেশের সরকারি মেডিক্যাল কলেজ হাসপাতাল, বিশেষায়িত ইনস্টিটিউট ও জেলা সদর হাসপাতালে জ্যেষ্ঠ চিকিৎসকদের সান্ধ্যকালীন রাউন্ড দেওয়া বাধ্যতামূলক করা হয়েছে। এখন থেকে প্রতিটি প্রতিষ্ঠানের ইউনিট প্রধানদের নিয়মিত সান্ধ্যকালীন রাউন্ড দিতে হবে। জ্যেষ্ঠ চিকিৎসকদের অনুপস্থিতির কারণে সরকারি হাসপাতালের চিকিৎসা সেবা জুনিয়র চিকিৎসক নির্ভর হয়ে পড়ছে। এর প্রভাব পড়ছে স্বাস্থ্য সেবায়। ঘটছে ভুল চিকিৎসাসহ অনাকাঙ্ক্ষিত মৃত্যু। সম্প্রতি বিষয়টি স্বাস্থ্য মন্ত্রণালয় ও অধিদফতরের নজরে আসে। স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম এ ব্যাপারে কঠোর ভাষায় বলে দিয়েছেন, জ্যেষ্ঠ চিকিৎসকদের সান্ধ্যকালীন রাউন্ড বাধ্যতামূলক। বিশেষজ্ঞ চিকিৎসকদের রাতেও সেবা দিতে হবে। যারা অনুপস্থিত থাকবেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.২)।

৪। কালবৈশাখী ঝড়ে ১৪ জনের মৃত্যু : বাড়িঘর বিধ্বস্ত, ফসলের ব্যাপক ক্ষতি

রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে গতকাল ৪ এপ্রিল শনিবার কালবৈশাখী ঝড় আঘাত হানে। এতে ১৪ জনের প্রাণহানি ঘটে। মৌসুমের প্রথম কালবৈশাখীতে রাজধানীর গুলিস্তান ও সদরঘাটে দুই, বগুড়ায় পাঁচ, রাজশাহীতে চার, নাটোরে এক, নওগাঁয় এক ও পাবনায় একজনের মৃত্যু হয়েছে। জামালপুরে পাঁচ শতাধিক ঘরবাড়ি বিধ্বস্ত হয়েছে। এছাড়া বেশ কয়েকটি স্থানে বাড়িঘরসহ ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে। সূত্র-যুগান্তর (শেষ পৃ.,ক.৪), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬), জনকণ্ঠ (পৃ.১,ক.৬), ডেইলি স্টার (পৃ.১,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৪)।

৫। দগ্ধ রোগীদের বিনামূল্যে চিকিৎসা দেবেন তিন দেশের বিশেষজ্ঞরা

-ঢাকা মেডিক্যালের বার্ন ইউনিট বিশ্বের সর্ববৃহৎ : জার্মান প্লাস্টিক সার্জন

অবরোধ ও হরতালে সহিংস ঘটনায় ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটে চিকিৎসাধীন দগ্ধ রোগীদের বিনামূল্যে অপারেশনসহ চিকিৎসা সেবা দেবেন জার্মানি, নেদারল্যান্ড ও হাঙ্গেরির একদল বিশেষজ্ঞ প্লাস্টিক সার্জন। এই তিন দেশের উচ্চ পর্যায়ের প্লাস্টিক সার্জন দলটি গতকাল ৪ এপ্রিল শনিবার থেকে বার্ন ইউনিটে চিকিৎসা সেবা শুরু করেন। আগামী ১২ এপ্রিল পর্যন্ত এই বিশেষজ্ঞ দলটি চিকিৎসা সেবা দেবেন। দলটির নেতৃত্বে রয়েছেন অধ্যাপক ডা. হেঞ্জ হার্বার্ট হোমান। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.৬), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২), ডেইলি স্টার (পৃ.৩,ক.৪)।

৬। তিন মাস পর বিএনপি'র কার্যালয়ে নেতা-কর্মীরা

তিন মাস তালাবদ্ধ থাকার পর অবশেষে রাজধানীর নয়াপল্টনে বিএনপি'র কেন্দ্রীয় কার্যালয়ে প্রবেশ করলেন দলটির নেতা-কর্মীরা। গতকাল ৪ এপ্রিল শনিবার রাত পৌনে আটটার দিকে কার্যালয়ের কলাপসিবল ফটকে ঝোলানো তালা কেটে তারা ভেতরে প্রবেশ করেন। সূত্র-প্রথম আলো (পৃ.১,ক.৬), ইনকিলাব (পৃ.১,ক.৪), ইন্ডিপেনডেন্ট (পৃ.২,ক.৮)। যুগান্তর, সমকাল, নয়াদিগন্ত, নিউ এজ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৭। আব্দুল আউয়াল মিন্টু ও নাসির উদ্দিন আহমেদ পিন্টুর মনোনয়নপত্র বাতিলের সিদ্ধান্ত বহাল

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র প্রার্থী আব্দুল আউয়াল মিন্টুর মনোনয়নপত্র বাতিল করে রিটার্নিং অফিসারের সিদ্ধান্ত বহাল রেখেছে ঢাকা বিভাগীয় কমিশনার। এ সংক্রান্ত মিন্টুর দায়েরকৃত আপিলের শুনানি শেষে তা খারিজ করে দেন বিভাগীয় কমিশনার জিল্লার রহমান। একই সঙ্গে বিএনপির অপর নেতা নাসির উদ্দিন আহমেদ পিন্টুর মনোনয়নপত্র বাতিলের আদেশ বহাল রাখা হয়েছে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৪), সমকাল (পৃ.১,ক.৬), জনকণ্ঠ (পৃ.১,ক.৩), ডেইলি স্টার (পৃ.১,ক.৩), ডেইলি সান (পৃ.১,ক.৩)।

৮। ধানমন্ডিতে সাত কোটি টাকা মূল্যের একটি গাড়ি জব্দ

রাজধানীর ধানমন্ডির একটি বাড়ি থেকে সাত কোটি টাকা মূল্যের একটি মার্সিডিজ বেঞ্জ গাড়ি জব্দ করেছে শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদফতর। গতকাল ৪ এপ্রিল শনিবার ধানমন্ডির ৫ নম্বর রোডের ২৩/এ নম্বর বাড়ির পার্কিংয়ের স্থান থেকে গাড়িটি জব্দ করা হয়। বিআরটিএ'র কাছে জমা দেওয়া কাগজপত্র যাচাই করে দেখা যায় যে, অবৈধভাবে শুল্ক ফাঁকি দিয়ে গাড়িটি দেশে আনা হয়। এই গাড়ির মূল্য প্রায় ৭ কোটি টাকা। এই গাড়ির শুল্ক ৩ কোটি টাকা। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), জনকণ্ঠ (পৃ.১,ক.৩), প্রথম আলো (পৃ.৩,ক.২), নিউ এজ (শেষ পৃ.,ক.১)।

৯। রানা প্লাজার আহতদের ৫৫ শতাংশ বেকার : অ্যাকশন এইডের জরিপ

রানা প্লাজা ট্রাজেডিতে আহত শ্রমিকদের ৫৫ শতাংশ এখনও বেকার। দুর্ঘটনার সময় ভবনের পাঁচ কারখানায় কর্মরত এসব শ্রমিকদের নিয়োগ দিতে ওই কারখানাগুলোর মালিকদের অনীহা রয়েছে। একই সঙ্গে আহত শ্রমিকদের উপযোগী কাজের অভাব, অনেকের পঙ্গু হয়ে যাওয়া ও শারীরিক দুর্বলতার কারণে এমন অবস্থা দাঁড়িয়েছে। এসব শ্রমিক স্বনিয়োজিত কাজের ক্ষেত্রেও নানা প্রতিবন্ধকতার শিকার হচ্ছেন। ফলে অনেকে কাজ পেয়ে পুনর্বাসিত হলেও এখনও স্বাভাবিক জীবনে ফিরতে পারেনি। বেসরকারি উন্নয়ন সংস্থা অ্যাকশন এইড পরিচালিত এক জরিপের প্রাথমিক ফলাফলে এ তথ্য উঠে এসেছে। গতকাল ৪ এপ্রিল শনিবার রানা প্লাজার আহতদের জীবন-জীবিকা সমস্যা এবং সুযোগবিষয়ক বহুপক্ষীয় এক আলোচনা সভায় এ জরিপের তথ্য প্রকাশ করা হয়। সূত্র-সমকাল (পৃ.১৪,ক.৭), ইত্তেফাক (পৃ.৩,ক.৬)।

১০। পবিত্র ইস্টার সানডে আজ

আজ ৫ এপ্রিল রোববার পবিত্র ইস্টার সানডে। এইদিনে খ্রিষ্টধর্মের প্রবর্তক যিশুখ্রিষ্টের মৃত্যু থেকে পুনরুত্থান হয়েছিল। পুনরুত্থানের এই দিনটি খ্রিষ্ট বিশ্বাসীদের জন্য অত্যন্ত তাৎপর্যপূর্ণ ও আনন্দের। এই দিনটিকে খ্রিষ্ট ধর্মাবলম্বীরা 'ইস্টার সানডে' হিসেবে পালন করে থাকেন। 'ইস্টার সানডে' উপলক্ষে বাংলাদেশ খ্রিষ্টান এসোসিয়েশনের প্রেসিডেন্ট সমাজকল্যাণ প্রতিমন্ত্রী এডভোকেট প্রমোদ মানকিন এবং মহাসচিব নির্মল রোজারিও এক যৌথ বিবৃতিতে বাংলাদেশসহ বিশ্বের সকল খ্রিষ্টান ধর্মাবলম্বী ও দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ., ক.৩), জনকণ্ঠ (পৃ.১,ক.১), প্রথম আলো (পৃ.৩,ক.১)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : একটি সমন্বিত প্রতিষ্ঠান হিসেবে নির্বাচন কমিশনের প্রধান নির্বাচন কমিশনারকে ইসির চার নির্বাচন কমিশনারকে সঙ্গে নিয়ে আলোচনার মাধ্যমে সব বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার আহ্বান;

খ. ইত্তেফাক : শিক্ষানবীস পাইলট তামান্না রহমানের দুর্ঘটনায় অকাল মৃত্যুর জন্য কর্তৃপক্ষের অবহেলা দায়ী কিনা সে ব্যাপারে যথাযথ তদন্তের সুপারিশ;

গ. জনকণ্ঠ : বুড়িগঙ্গা নদীর দক্ষিণ কেরানীগঞ্জ এলাকায় বালুবাহী নৌকার ধাক্কায় ট্রলার ডুবিতে ১৬ জন প্রাণ হারানোর ঘটনা উদ্বেগজনক উল্লেখ করে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে মানুষের নিরাপদ যাতায়াত ও সুষ্ঠু ব্যবসা-বাণিজ্য অব্যাহত রাখতে নৌপথের দিকে নজর দেওয়ার ওপর গুরুত্বারোপ;

ঘ. সংবাদ : দেশের বিভিন্ন জঙ্গি সংগঠন গোপনে কর্মী সংগ্রহ করে যাচ্ছে গণমাধ্যমে প্রকাশিত এ নিয়ে প্রকাশিত প্রতিবেদন আমলে নিয়ে জঙ্গিবাদ রুখতে কঠোর পদক্ষেপ গ্রহণের দাবি;

ঙ. যায়যায়দিন : বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে পরিণত করতে জনগণের মাথাপিছু আয় বৃদ্ধির পাশাপাশ ধনী-দরিদ্রের বৈষম্য বিলোপে টেকসই পরিকল্পনা গ্রহণ করা জরুরি বলে মত প্রকাশ;

চ. ডেইলি স্টার : চলতি বছরের জুন মাসে বাংলাদেশ, ভুটান, ভারত এবং নেপালের মধ্যে মোটর চালিত যানবাহন চলাচলের চুক্তি স্বাক্ষরিত হলে দেশের বাণিজ্য খরচ কমিয়ে ব্যবসা-বাণিজ্যে প্রভূত উন্নতি সাধিত হবে বলে প্রত্যাশা;

ছ. ইন্ডিপেনডেন্ট : দেশের ২১ হাজার কিলোমিটার হাইওয়ের সার্বিক নিরাপত্তায় ২৮টি পুলিশ স্টেশনে কর্মরত দুই হাজার দুইশত পুলিশ সদস্যের কার্যক্ষমতা বৃদ্ধিতে আরো ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

জ. ডেইলি সান : রাজধানীর পার্ক, খেলার মাঠ ও উন্মুক্ত স্থানগুলো অবৈধ দখলের হাত থেকে সুরক্ষায় যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণের আহ্বান;

ঝ. নিউ এজ : ভূমি প্রশাসন সংস্কারে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ;

ঞ. ডেইলি অবজারভার : বস্ত্র ও তৈরি পোশাক খাতের উন্নয়নে গৃহীত গ্রিন ফান্ডের অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে কেন্দ্রীয় ব্যাংককে মনিটরিং ব্যবস্থা জোরদার করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

যুগান্তর পত্রিকায় প্রকাশিত কলামে আইন-শৃঙ্খলা রক্ষার দায়িত্বে নিয়োজিত আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী নিজেরাই অপরাধমূলক কর্মকাণ্ডে নিয়োজিত থাকলে দেশ জুড়ে অপরাধীরা আরও ব্যাপকভাবে তৎপর হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত ‘আন্দোলন বনাম স্বাভাবিক জীবন’ শিরোনামের নিবন্ধে ড. রাশিদ আসকারী মানুষের স্বাভাবিক জীবন প্রবাহের পক্ষে কাজ করার রাজনীতিই সর্বাধুনিক রাজনীতি বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা